ধরাছোঁয়ার বাইরে গডফাদার আক্তার

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়নের বুইচিতলা গ্রামের মমিনের ছেলে চিহ্নিত মাদক ব্যবসায়ী আক্তার আবারো বেপরোয়া হয়ে উঠেছে। জানা গেছে, আক্তার দীর্ঘদিন ধরে এলাকায় নিজেকে বিভিন্ন প্রশাসনের সোর্স পরিচয়ে দাপিয়ে বেড়ায়।

তার বিরুদ্ধে উঠতে থাকে নানান অভিযোগ। তার অত্যাচারে অতিষ্ঠ হয়ে উঠে এলাকার বিভিন্ন লোকজন বুইচিতলা গ্রামের জনপ্রতিনিধি আলি আহমেদকে জানতে চাইলে তিনি বলেন আকতার তো মাদকের গডফাদার সে এখনো রমরমা ব্যবসাকরছে।

কয়েক মাস পূর্বেও সে মাদকসহ বিজিবির হাতে ধরা পড়ে হাজত খেটে বাড়ি এসে আবারো বেপরোয়া হয়ে উঠেছে বলে জানা গেছে। আক্তারের বিরুদ্ধে একাধিক মামলা রয়েছে বলে জানা গেছে।

আক্তারের অপকর্ম বন্ধে তার বিরুদ্ধে তদন্তপূর্বক ব্যবস্থা নিতে চুয়াডাঙ্গা ০৬ বিজিবি মহাপরিচালকের আশু হস্তক্ষেপ কামনা করেছে এলাকাবাসীসহ সচেতন মহল।

গাংনীতে হেযবুত তওহীদের কর্মকাণ্ড বন্ধের দাবীতে প্রতিবাদ সভা

হেযবুত তওহীদ সংগঠনের কর্মকাণ্ড বন্ধের দাবীতে মেহেরপুরের গাংনীতে প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বাদ আছর গাংনী উপজেলা শহরের দারুচ্ছালাম জামে মসজিদে এ প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

উলামা পরিষদ ও ইসলামী আন্দোলন বাংলাদেশ-এর মেহেরপুর জেলা শাখা

যৌথভাবে প্রতিবাদ সভার আয়োজন করে। সভায় সভাপতিত্ব করেন উলামা পরিষদের মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক মাওলানা মুহাম্মদ মুফতি হাফিজুর রহমান। প্রধান মেহমান হিসেবে বক্তব্য রাখেন উলামা পরিষদের কুষ্টিয়া শাখার সভাপতি মাওলানা মুহাম্মদ আব্দুল হামিদ।

প্রধান আলোচক ছিলেন, ইসলামী আন্দোলন বাংলাদেশ-এর সহকারী মহাসচিব মাওলানা মুহাম্মদ আব্দুল কাদের। বিশেষ মেহমান হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা উলামা পরিষদের সভাপতি মুফতি মাওলানা মুহাম্মদ আবুল কালাম কাশেমী, চুয়াডাঙ্গা জেলা উলামা পরিষদের সাধারণ সম্পাদক মুফতি মোস্তফা কামাল কাশেমী।

এ সময় বক্তব্য রাখেন কুষ্টিয়ার বড় আইলচারা বালক-বালিকা মাদ্রাসার সিনিয়র মুহাদ্দিস মাওলানা মুহাম্মদ আব্দুল লতিফ খান, চুয়াডাঙ্গা ইসলামী আকিদা সংরক্ষণ পরিষদের সভাপতি মাওলানা মুহাম্মদ তারিক মাহমুদ। এছাড়াও বক্তব্য রাখেন গাংনী দারুচ্ছালাম জামে মসজিদের খতিব মাওলানা মুহাম্মদ রুহুল আমীন, মুফতি শফিকুল ইসলাম প্রমুখ।

প্রতিবাদ সভাটি সঞ্চালনা করেন মাওলানা সাদেকুর রহমান। প্রতিবাদ সভায় বক্তারা বলেন হেজবুত তওহীদ একটি কুফরী সংগঠন। এ সংগঠনটি ইসলামের ক্ষতি করার জন্য কার্যক্রম চালিয়ে যাচ্ছে। তাদের এ কার্যক্রম বন্ধ না করলে, আগামীতে কঠোর আন্দোলন করা হবে।

মারামারি মামলায় ইউনিয়ন যুবলীগের সভাপতি খালেক কারাগারে

মারামারি মামলায় মোনাখালী ইউনিয়ন যুবলীগের সভাপতি আব্দুল খালেককে জেল হাজতে প্রেরণ করেছে আদালত। খালেক গত বৃহস্পতিবার মেহেরপুর ১ম শ্রেণীর জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে হাজির হয়ে জামিন আবেদন করলে আবেদন নামঞ্জুর করে জেল হাজতে প্রেরণের আদেশ দেন ম্যাজিস্ট্রেট তরিকুল ইসলাম।

আব্দুল খালেক মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের দুর্লব মালিথার ছেলে। খালেক মোনাখালী ইউনিয়ন যুবলীগের সভাপতি হিসেবে দায়িত্বে আছেন।

মামলার বিবরণে জানা যায়, গত জানুয়ারি মাসের ১ তারিখে মোনাখালি বাজার সংলগ্ন একটি দোকান ভাড়া নেওয়াকে কেন্দ্র করে স্থানীয় মনিরুজ্জামান জুয়েল নামের এক ব্যক্তির সাথে মারামারির ঘটনা ঘটে।

এ ঘটনায় আব্দুল খালেকসহ ৬ জনের বিরুদ্ধে জুয়েল বাদি হয়ে মুজিবনগর থানায় একটি মামলা দায়ের করেন। যার নম্বর ১২। মামলার অন্য আসামিরা জামিনে মুক্ত থাকলেও খালেক এখন কারাগারে। বিষয়টি নিশ্চিত করেন মামলার তদন্ত কর্মকর্তা মুজিবনগর থানার এস আই বাবলু মিয়া।

আলমডাঙ্গায় রাস্তা নির্মাণে নিম্নমানের ইট ব্যবহারের অভিযোগ

আলমডাঙ্গার আঠারোখাদা গ্রামের সোলিং রাস্তা নির্মাণে নিম্নমানের ইট ব্যবহারের অভিযোগ উঠেছে। এ রাস্তার পাশে নির্মিত গাইড ওয়াল ফেটে যাওয়ায় গ্রামবাসীর মধ্যে ব্যাপক ক্ষোভের সৃস্টি হয়েছে। এদিকে নিম্নমানের ইট ব্যবহারের বিষয়ে তদন্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণের আশ্বাস সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারের।

এলাকাবাসীর অভিযোগ আলমডাঙ্গা উপজেলার বাড়াদি ইউনিয়নের আঠারোখাদা গ্রামের মুচিপাড়ায় জেলা পরিষদের প্রায় তিন লাখ টাকার বিনিময়ে সোলিং রাস্তা নির্মাণ করা হচ্ছে। এ রাস্তা নির্মাণ কাজের ঠিকাদার কুমারি ইউনিয়নের মোজাম্মেল হক। বাড়াদি ইউনিয়নের এনায়েতপুর ও আঠারোখাদা গ্রামে ১ হাজার মিটার রাস্তায় প্রায় ৬ লক্ষ টাকা বরাদ্দ দেয় জেলা পরিষদ।

এ রাস্তা নির্মাণে ঠিকাদারি প্রতিষ্ঠানের মালিক মোজাম্মেল হক রাস্তা নির্মাণ করে। রাস্তায় ব্যবহার করা হয় নিম্নমানের ইট।

সোলিং রাস্তা নির্মাণে ৩ ইঞ্চি বালির জায়গায় মাটি দিয়ে রাস্তা তৈরি করা হয়। নিম্নমানের এ রাস্তা তৈরির কারণে এলাকাবাসী বাঁধা প্রদান করলেও তাদের দম্ভক্তির কারণে পিছিয়ে যায় এলাকাবাসী।

এনায়েতপুর গ্রামের সবুজ, হামিদ, সুজন, তাইজেল জানান, গত ১ মাস পূর্বে এনায়েতপুর গ্রামের প্রায় ৪শ মিটার রাস্তার কাজ করে। রাস্তায় ব্যবহার করে নিম্নমানের ইট। নিম্নমানের ইটের ব্যবহারের জন্য ভেঙে যাচ্ছে রাস্তা। এ রাস্তায় এনায়েতপুর গ্রামের হাজার হাজার বিঘা জমির ধানের গাড়ি চলাচল করলে ইটে অস্তিত্ব খুঁজে পাওয়া যাবে না।

আঠারোখাদা গ্রামের আবুল কাশেম, রহমান, সঞ্জিত, সুজিত সুফিয়া, নাসিমা বেগম জানান, আমাদের গ্রামে প্রতিক্ষার পর রাস্তা নির্মাণ করা হয়। রাস্তায় ব্যবহার করা হয় নিম্নমানের ইট। এ রাস্তার দুপাশেই আছে গর্ত। গর্তের জায়গায় হাটু পর্যন্ত পানি জমে। গর্তের দু পাশের নির্মিত গাইড ওয়াল ফেটে গেছে। রাস্তায় গর্তের জায়গায় মাটি ভরাট করার কথা থাকলেও নাম মাত্র মাটি দিয়ে এ রাস্তা নির্মাণ করা হয়।

এ ঘটনায় জেলা পরিষদের মেম্বর জানান, আমরা সরাসরি রাস্তার কাজ দেখতে পারি না। রাস্তার কাজ গুলো দেখে ইঞ্জিনিয়ার। যদি কোন ধরণের দুর্নীতির আশ্রয় নেয় তাহলে তাকে বিল প্রদান করা হবে না।

জেলা পরিষদের ইঞ্জিনিয়ার বলেন, রাস্তার দুর্নীতি কখনো মেনে নেওয়া হবে না। যদি নিম্নমানের ইট ব্যবহার ও ওগাইড ওয়ালে ফাটল দেখা দেয় তাহলে তদন্ত অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

আলমডাঙ্গায় বাঁশ বাগান থেকে পরিত্যাক্ত পিস্তল উদ্ধার

আলমডাঙ্গায় মাটি খুড়তেই বেড়িয়ে আসলো পিস্তল। গতকাল শুক্রবার সন্ধ্যায় জেহালা ইউনিয়নের কৃষ্ণপুর গ্রাম থেকে উদ্ধার করে পুলিশ।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের কৃষ্ণপুর গ্রামের সামসুদ্দিনের ছেলে নিয়ামত বিকালে বাঁশ বাগানের মধ্যে মাটি কাটছিলো। এ সময় দীর্ঘদিনের পরিত্যাক্ত পিস্তল উঠে আসে।

পিস্তল দেখে স্থানীয় লোকজন মুন্সিগঞ্জ ফাঁড়ি পুলিশের নিকট জানালে ঘটনাস্থলে পৌঁছে পুলিশ পিস্তলটি উদ্ধার করে।

পরে পিস্তলটি রাত ৮ টার দিকে আলমডাঙ্গা থানা পুলিশের হেফাজতে রাখা হয়।

জীবননগরে মেধাবী ছাত্রী বৃষ্টির পাশে শিকড়

জীবননগরে মেধাবী ছাত্রী বৃষ্টির লেখাপড়ার দায়িত্ব নিলেন জীবননগর সে¦চ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থা।

গত বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর থানা পাইলট সরকারি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে শিকড় সমাজ কল্যাণ সংস্থার সদস্যরা বৃষ্টিকে নিজেদের অর্থ দিয়ে বিদ্যালয়ে ভর্তি করেন। বৃষ্টি জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের শাখারিয়া গ্রামের দিনমজুর ফুলমিয়ার মেয়ে।

এ সময় উপস্থিত ছিলেন শিকড় সমাজ কল্যাণ সংস্থার জেলা কমিটির সাধারণ সম্পাদক মিঠুন মাহমুদ, কোষাধ্যক্ষ হোসেন আহম্মেদ, জীবননগর শিকড় সমাজ কল্যাণ সংস্থার জীবননগর শাখার সভাপতি তুহিনুজ্জামান, সম্পাদক লাবনী, সদস্য মফিজুল ইসলাম, রমজান আলী প্রমুখ।

নারীদেরও করোনার ভ্যাকসিন নেওয়ার আহবান নারী নেত্রীদের

গুজবে কান না দিয়ে সকল পুরুষের পাশাপাশি নারীদেরও করোনার ভ্যাকসিন গ্রহণের আহবান জানিয়েছেন কুষ্টিয়ার নারীনেত্রী হাটশ হরিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এম শম্পা মাহমুদ ও নারী বাতায়নের সভাপতি ও মৌবনের নির্বাহী পরিচালক সাফিনা আনজুম জনী।

গত বুধবার (১৭ ফেব্রুয়ারি) দুপুরে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে তারা করোনার টিকা গ্রহণের পর শহরবাসীর নারীদের উদ্দেশে এ আহবান জানান।

নারীনেত্রী এম শম্পা মাহমুদ বলেন, এতো বিপুল জনগোষ্ঠীর মধ্যে টিকা প্রদান কার্যক্রম এবং মানুষের মধ্যে বিপুল উৎসাহ উদ্দীপনায় এটিই প্রমাণিত হয়, সকল অপপ্রচারকে পেছনে ফেলে প্রধানমন্ত্রীর সময়োচিত সিদ্ধান্ত নিয়ে দেশের মানুষকে সুরক্ষা দেয়ার যে পদক্ষেপ গ্রহণ করেছেন সেটি অত্যন্ত সফল।

সাফিনা আনজুম জনী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের মানুষকে সুরক্ষার জন্য দ্রুত সময়ের মধ্যে করোনার টিকা দেয়ার ব্যবস্থা করে দৃষ্টান্ত স্থাপন করেছেন। এই টিকার ব্যাপারে ভয়ের কোনও কারণ নেই। তাই কোনও ধরণের গুজবে কান না দিয়ে নিজে টিকা গ্রহণ করে সবাইকে উৎসাহ প্রদান করতে নারীদের প্রতি আহ্বান জানান তিনি।

তিনি বলেন, আমার প্রতিষ্ঠানে প্রায় দুইশ কর্মকর্তা-কর্মচারী কাজ করে। তাদের সকলের আগে আমি নিজে করোনার ভ্যাকসিন গ্রহণ করে সকলকে করোনার ভ্যাকসিন নিতে উৎসাহ প্রদান করেছি। এভাবেই আমরা চাই নারীরাও এই করোনার ভ্যাকসিন নিতে এগিয়ে আসুক।

দর্শনায় বিকাশ ও ক্যারিয়ার

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দেশের ৩১ শিল্প কারখানার মধ্যে কেরুজ চিনিকল ২য় স্থান অধিকার করেছে। ফলে ২য় অ্যাওয়ার্ড গ্রহণ করেছেন কেরুজ চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক মোঃ আবু সাঈদ। চিনি শিল্পে রাষ্ট্রয়াত্ব অ্যাওয়ার্ড পাওয়ায় দর্শনা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির পক্ষ থেকে মিলের ব্যবস্থাপনা পরিচালক ও দর্শনা প্রেস ক্লাবের পৃষ্টপোষক মোঃ আবু সাঈদকে ফুলেল শুভেচ্ছা দেয়া হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে তার কার্যালয়ে এ শুভেচ্ছা দেন সাংবাদিক নেতৃবৃন্দ।

এ সময় উপস্থিত ছিলেন, মিলের মহাব্যবস্থাপক (প্রশাসন), প্রেস ক্লাবের উপদেষ্টা শেখ শাহাব উদ্দীন, মহাব্যবস্থাপক (কৃষি) গিয়াসউদ্দিন, মহাব্যবস্থাপক (ডিস্টিলারী) ফিদাহ হাসান বাদশা, উপ-ব্যবস্থাপক আবুল ফাত্তাহ, উপ-ব্যবস্থাপক (অর্থ) জাকারিয়া, দর্শনা প্রেস ক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু, সাধারণ সম্পাদক হারুন রাজু, সহসাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মাহমুদ হাসান রণি, সাবেক সভাপতি ইকরামুল হক পিপুল, সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবীব মামুন প্রমুখ।

কুড়ুলগাছির বুইচিতলায় ফেন্সিডিল ও ইয়াবাসহ মোটরসাইকেল জব্দ

দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন কুড়ুলগাছি ইউনিয়নের সীমান্তবর্তী গ্রাম বুইচিতলায় বিজিবির পৃথক মাদক বিরোধী অভিযানে ফেন্সিডিল ও ইয়াবা ট্যাবলেটসহ ২টি মোটরসাইকেল আটক করেছে চুয়াডাঙ্গা ৬ বিজিবির ফুলবাড়ি বিওপির সদস্যরা।

গতকাল বৃহস্পতিবার সকাল ১০টার দিকে বুইচিতলা গ্রামের শামীমের গোডাউনের সামনে অভিযান চালিয়ে ৪০ পিচ ইয়াবা ট্যাবলেটসহ একটি মোটরসাইকেল আটক করতে সক্ষম হয়।
এ সময় মোটরসাইকেল মালিক শফিকুল ইসলাম বিজিবির উপস্থিতি টের পেয়ে

কৌশলে পালিয়ে যায়।

এদিকে একই দিন সকাল ১০টা ৪৫ মিনিটের সময় বুইচিতলা নুরুল উলুম হাফেজিয়া মাদ্রাসার কাছে গোপন সংবাদের ভিত্তিতে ফুলবাড়ি বিওপির ক্যাম্প কমান্ডার মো: মুস্তাফিজুর রহমান মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

এ সময় হাফেজিয়া মাদ্রাসার সামনে একটি ১৫০ সিসি পালসার মোটরসাইকেল পরিত্যাক্ত অবস্থায় উদ্ধার করেন। মোটরসাইকেলে তল্লাশি চালিয়ে ১২ বোতল ফেন্সিডিল উদ্ধার করতে সক্ষম হন। মোটরসাইকেলের মালিক কুড়ুলগাছি মাঠপাড়ার কাজেম আলীর ছেলে আ: কুদ্দুস কৌশলে পালিয়ে যায়।

এই ঘটনায় ফুলবাড়ি বিওপির ক্যাম্প কমান্ডার মো: মুস্তাফিজুর রহমান বাদী হয়ে গতকাল বৃহস্পতিবার দশর্না থানায় একটি মামলা দায়েরপূবর্ক মোটরসাইকেল ২টি সোর্পদ করেছেন। অভিযোগ রয়েছে তারা দীর্ঘদীন যাবত মাদক ব্যবসার সাথে জড়িত। তাদের একাধিক মাদক মামলা রয়েছে বলে জানা গেছে।